

বাংলা বিভাগের সংক্ষিপ্ত ইতিহাস

১৯২১ সালের ১লা জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় তিনটি অনুষদ এবং বারোটি বিভাগ নিয়ে উরু হয়েছিল। কলা অনুষদের একটি বিভাগ ছিল সংস্কৃত ও বাংলা বিভাগ নামে, যেখানে প্রথম নিযুক্ত হয়েছিলেন চারজন শিক্ষক। প্রফেসর ও বিভাগীয় অধ্যক্ষ রূপে যোগ দেন মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী। ড. মুহম্মদ শহীদুল্লাহ ছিলেন বাংলার একমাত্র শিক্ষক, অন্যেরা সংস্কৃত পড়াতেন এবং ড. শহীদুল্লাই বাংলা অনার্স শ্রেণির পাঠ্যতালিকা তৈরি করেন। সংস্কৃত ও বাংলা বিভাগে প্রথম থেকেই গবেষণার একটা পরিমণ্ডল গড়ে উঠেছিল। হরপ্রসাদ শাস্ত্রী বিচ্ছিন্ন বিষয়ে গবেষণা করেছেন। ১৯৩৭ সালে সংস্কৃত বিভাগ ও বাংলা বিভাগ আলাদা হয়ে যায়। সুশীলকুমার দে হন সংস্কৃত বিভাগের অধ্যক্ষ এবং মুহম্মদ শহীদুল্লাহ বাংলা বিভাগের অধ্যক্ষ। ১৯৫৭ সালে মুহম্মদ আবদুল হাই-এর সম্পাদনায় সাহিত্য পত্রিকা নামে একটি উন্নতমানের গবেষণা পত্রিকা প্রকাশিত হয়। মুহম্মদ আবদুল হাইয়ের তত্ত্বাবধানে গবেষণা ক'রে বিভাগীয় শিক্ষকদের মধ্যে পিএইচ ডি ডিগ্রি লাভ করেন অধ্যাপক নীলিমা ইব্রাহিম, অধ্যাপক আনিসুজ্জামান ও অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান।

মহান মুক্তিযুদ্ধে বাংলা বিভাগ যে খ্যাতিমান শিক্ষকদের হারিয়েছে, তারা হলেন— আনোয়ার পাশা, মোফাজ্জল হায়দার চৌধুরী এবং মুনীর চৌধুরী। মুক্তিযুদ্ধে বিভাগের শহীদ চারজন ছাত্র হলেন: জাহাঙ্গীর মুনীর, নজরুল ইসলাম, মোস্তফা কামাল শাহরিয়ার ও আজমল হক। এছাড়া মুক্তিযুদ্ধের সময়ে প্রাদেশিক ও সামরিক আইন প্রশাসকের আদেশে রাষ্ট্রবিরোধী কার্যে জড়িত থাকার অভিযোগে অধ্যাপক মুহম্মদ এনামুল হক ও ড. মোহাম্মদ মনিরুজ্জামান কর্মচ্যুত হন। সৈয়দ আকরম হোসেনকে ‘সাসপেন্ড’ করা হয় এবং অধ্যাপক মুনীর চৌধুরী ও ড. নীলিমা ইব্রাহিমকে সতর্ক করে দেওয়া হয়। সামরিক বাহিনী জনাব রফিকুল ইসলামকে গ্রেপ্তার করে প্রায় দু'মাস ঢাকা ক্যান্টনমেন্টে ও কেন্দ্রীয় কারাগারে অটিক করে রাখে।

১৯৭০ সালে বাংলা বিভাগ থেকে স্বতন্ত্র হয়ে সংস্কৃত ও পালি বিভাগ প্রতিষ্ঠিত হয়। তবে ১৯৭৩-এর জুন পর্যন্ত বাংলা বিভাগের অধ্যক্ষেরা ও ঐ বিভাগের অধ্যক্ষের দায়িত্ব পালন করেছেন। ১৯৭৩ সালে ‘ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ’ প্রবর্তিত হলে জ্যোত্যাত্মক বিভাগের শিক্ষকরা বাংলা বিভাগের সভাপতির দায়িত্ব পালন করে আসছেন। বর্তমানে বাংলা বিভাগে অধ্যাপক হিসেবে ০৯ জন, সহযোগী অধ্যাপক হিসেবে ১০ জন, সহকারী অধ্যাপক হিসেবে ০৪ জন, সংখ্যাতিরিক অধ্যাপক হিসেবে ০১ জন কর্মরত আছেন। এছাড়া তিনজন অধ্যাপক ‘ডেপুটেশন-এ’ ভিত্তি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে কর্মরত আছেন। বিভাগের স্বনামধন্য শিক্ষক অধ্যাপক ড. আনিসুজ্জামান ও ড. রফিকুল ইসলাম ‘জাতীয় অধ্যাপকের’ পদ অলংকৃত করে আছেন।